আদেশ নং ...৩৪... তারিখ ...২৮...
দৈনিক ...
দৈনিক ...
পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান করার জন্য দেওয়া গেল।

# নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩ (১) ধারা মোতাবেক
বিজ্ঞ যুগ্ম জেলা জজ অর্থঋণ আদালত, নারায়নগঞ্জ

অর্থজারী মামলা নং- ৪৭/২০২৩

সোনালী ব্যাংক পিএলসি, স্থানীয় কার্যালয়, মতিঝিল, ঢাকা।

................ডিক্রীদার।

-বনাম-

১। মেসার্স ডিগ্রেশিয়া লিমিটেড, সাং- ৪৭৩, ডি.আই.টি রোড, মালিবাগ, ঢাকা-১২১৯, ফ্যাক্টরী- ১৪/১, মীরবাগ, মগবাজার, ঢাকা-১২১৭।

২। এস.এম. আতিকুজ্জামান, পিতা- এ.কে.এম আবু জাহেদ, পরিচালক- মেসার্স ডিগ্রেশিয়া লিমিটেড। হাল সাকিন- ১৪/১, মীরবাগ, মগবাজার, ঢাকা- ১২১৭।

৩। (ক) তাসলিমা জামান, স্বামী- মরহুম এস.এম আক্তারুজ্জামান, সাং- ১৪/২-ডি, মীরবাগ, মগবাজার, থানা- রমনা, জেলা- ঢাকা-১২১৭। (খ) রাজেদুল ইসলাম সানি, পিতা- মরহুম এস.এম আক্তারুজ্জামান, সাং- ১৪/২-ডি, মীরবাগ, মগবাজার, থানা- রমনা, জেলা- ঢাকা-১২১৭। (গ) মোঃ সাজিদুল ইসলাম মুন, পিতা- মরহুম এস.এম আক্তারুজ্জামান, সাং- ১৪/২-ডি, মীরবাগ, মগবাজার, থানা- রমনা, জেলা- ঢাকা-১২১৭। (ঘ) তানিয়া জামান, পিতা- মরহুম এস.এম আক্তারুজ্জামান, সাং- ১৪/২-ডি, মীরবাগ, মগবাজার, থানা- রমনা, জেলা- ঢাকা-১২১৭।

৪। মিসেস সাইদা আক্তার, পিতা- এ.কে.এম আবু জাহেদ, পরিচালক- মেসার্স ডিগ্রেশিয়া লিমিটেড, হাল সাকিন- ১৪/১, মীরবাগ, মগবাজার, ঢাকা-১২১৭।

৫। মিস সুরাইয়া আক্তার, পিতা- এ.কে.এম আবু জাহেদ, পরিচালক- মেসার্স ডিগ্রেশিয়া লিমিটেড, হাল সাকিন- ১৪/১, মীরবাগ, মগবাজার, ঢাকা-১২১৭।

.................দায়িকগন।

এতদ্বারা ডিক্রীদারের প্রাপ্য ২৯,৫১,৩৯,৯১৭.০০/- টাকা, ৩০/০৬/২০১৯ইং পর্যন্ত। ২৩/০৩/২০০৬ইং থেকে ১৮/০২/২০২৪ ইং তারিখ পর্যন্ত সুদসহ সর্বমোট পাওনা ৩৫,৯৭,৭৩,৪৭১/- (পঁয়ত্রিশ কোটি সাতানব্বই লক্ষ তেয়াত্তর হাজার চারশত একাত্তর) টাকা। নিলাম বিক্রয়ের দিন পর্যন্ত সুদ ও খরচাদী আদায়ের নিমিত্তে অর্থ ঋণ আদালত, নারায়ণগঞ্জ এর এজলাসে রক্ষিত নিলামের টেন্ডার বাক্সের মাধমে নিম্ন বর্ণিত শর্তে আগামী ...২৮/০৫/২৪... ইং তারিখে নিলাম বিক্রয়ের নিমিত্তে সীল মোহরকৃত টেন্ডার আহ্বান করা যাইতেছে।

## শর্তাবলীঃ

১. আগামী ...২৮/০৫/২০২৪... ইং তারিখে বেলা ০২.০০ ঘটিকার মধ্যে সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে অত্র আদালতে রক্ষিত দরপত্র গ্রহনের বাক্সে নিলাম দরপত্র দাখিল করতে হবে।

২. নিলাম দরপত্র সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম দর পত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর যদি থাকে প্রদত্ত দর অংকে ও কথায় লিখে সিল মোহরকৃত খামে দাখিল করতে হবে। খামের উপর "সম্পত্তি নিলামে ক্রয়ের দরপত্র" লিখে দাখিল করতে হবে।

৩. নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্র দাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হইবে।

৪. প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত্ত দর অনুর্ধ ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা হইলে উহার শতকরা ২০%, উদ্ধৃত্ত দর-১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ- ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার শতকরা ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সম পরিমাণ টাকা জামানত স্বরুপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার যুগ্ম জেলা জজ অর্থঋণ আদালত, নারায়নগঞ্জ এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংকের ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার দরপত্রের সাথে দাখিল করতে হইবে।

৫. দর দাতার অনুর্দ্ধ ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকার উদ্ধৃত্ত দর গৃহীত হবার পরবর্তী ৩০(ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্দ্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত্ত দর গৃহীত হবার পরবর্তী ৬০(ষাট)

যুগ্ম জেলা জজ অর্থ ঋণ আদালত ★ নারায়ণগঞ্জ

CS CamScanner

দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক উদ্ধৃত্ত দর গৃহীত হবার ৯০(নব্বই) দিবসের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করবেন এবং তাহা করতে ব্যর্থ হলে আদালত জামানতের টাকা বাজেয়াপ্ত হবে।

৬. দরদাতাগণ বা তাদের প্রতিনিধিগণ (যদি কেহ উপস্থিত থাকেন) সম্মুখে ঐ একই দিন অর্থাৎ --২৮/০৫/২০২৪ইং তারিখ দুপুর ০২.০০ ঘটিকায় দরপত্র বাক্স খোলা হবে।

৭. দরপত্রের প্রদত্ত মূল্য অস্বাভাবিক, কম/অপর্যাপ্ত প্রতীয়মান হলে, একটি তফসিলের আংশিক সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র দাখিল হলে এবং কম জামানত প্রদান করা হলে কিংবা ক্রটিপূর্ণ দরপত্র দাখিল করা হলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮. তফসিলভুক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী বা শায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান, ভূমি উন্নয়ন কর ইত্যাদি সহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব ডিক্রীদার/ব্যাংক এর উপর বর্তাইবে না। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দর দাতাকে বহণ করতে হবে।

৯. উপরে বর্ণিত ক্রমিক নং ৫ এর অধীনে প্রথম দরপত্র দাতার জামানতের টাকা বাজেয়াপ্ত হইলে উহা অর্থ আদালত ডিক্রীদারকে প্রদান পূর্বক ডিক্রীকৃত দাবীর সহিত উক্ত অর্থ সমন্বয় করিবে। এবং আদালত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানত একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপক্ষো কম না হইলে, আদালত অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ধারা ৩৩ (৩) ধারা অনুযায়ী দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলামে খরিদ করিতে আহ্বান করিবেন, এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা আহূত হইবার পর উক্ত আইনের উপধারা ২(খ) এর নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে, তাহার জামানত বাজেয়াপ্ত হইবে এবং জামানতের উক্ত অর্থ ডিক্রীদারকে ডিক্রীর দাবীর সহিত সমন্বয় করিবার জন্য প্রদান করা হইবে।

১০. দরপত্র জমা দেওয়ার পর ডিক্রীর প্রস্তাবিত সম্পত্তির গুণ, মাণ, পরিমান ও অবস্থা সম্পর্কে কোন আপত্তি গ্রহণযোগ্য হইবে না।

১১. দরপত্র গৃহিত না হইলে জামানতের টাকা যথা সময়ে ফেরত দেয়া হবে।

১২. কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৩. সম্পত্তি রেজিস্ট্রেশণ সংক্রান্ত যাবতীয় খরচ ও অন্যান্য কর ক্রেতাকে বহন করতে হবে।

১৪. আইনের বিধানমতে ঋণের বিপরীতে দায়বদ্ধ সম্পত্তির দখল ক্রেতার অনুকুলে সমর্পনের ব্যবস্থা করা হইবে।

১৫. নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানার জন্য ডিক্রীদার ব্যাংকের অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করতে পারবেন।

## -তফসিল-

জিলা- নারায়ণগঞ্জ, থানা- ফতুল্লা, মৌজা- ধোপাতিয়া, জে.এল নং- সি.এস ও এস.এ-১৫১, খতিয়ান নং- সি.এস-২০৯, এস.এ-২১০, মিউটেশন-৮১৯, দাগ নং- সি.এস ও এস.এ $\frac{২২৫}{৪২০}$, জমির পরিমান- ০.২৪ (চব্বিশ) শতাংশ ও তদস্থিত ইমারতাদি। যাহার চৌহদ্দি- উত্তরে- হাজী আওলাদ হোসেন মোল্লা, দক্ষিণে- মোঃ মানিক চাঁন মিয়া, পূর্বে- আঃ মজিদ গং এবং পশ্চিমে- রেলওয়ের জমি।

আদালতের আদেশক্রমে-

সেরেস্তাদার
বিজ্ঞ যুগ্ম জেলা জজ অর্থঋণ আদালত,
নারায়নগঞ্জ

CS CamScanner